

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ
দক্ষিণ নগর ভবন ১৪-১৫ তলা, ফুলবাড়িয়া, ঢাকা-১০০০
ওয়েব সাইটঃ www.dtca.gov.bd

সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) পরিবীক্ষণ কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : এস, এম, রেজাউল করিম, পরিচালক (প্রশাসন), ডিটিসিএ।
স্থান : ডিটিসিএ সভাকক্ষ।
তারিখ : ২২ জুন, ২০২২ খ্রিঃ।
সময় : সকাল ১০:০০ ঘটিকা।
উপস্থিতি : পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করার আহবান করেন। তিনি পরিবীক্ষণ কমিটির সদস্য সচিব ও সহকারী পলিউশন কন্ট্রোল প্ল্যানিং অফিসার-কে সভার আলোচ্যসূচী অনুযায়ী বিষয়সমূহ উপস্থাপনের অনুরোধ করেন।

০২। আলোচনার প্রারম্ভে সভাপতির অনুমতিক্রমে সহকারী পলিউশন কন্ট্রোল প্ল্যানিং অফিসার জানান যে, ত্রৈমাসিক ভিত্তিতে ডিটিসিএ'র সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) হালনাগাদের কার্যক্রম অব্যাহত রয়েছে।

২.১ সিদ্ধান্তঃ ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি ওয়েবসাইটে প্রদর্শনের ব্যবস্থা করতে হবে।


বাস্তবায়নেঃ সহকারী পলিউশন কন্ট্রোল প্ল্যানিং অফিসার, ডিটিসিএ ও প্রোগ্রামার, ডিটিসিএ।

০৩। সহকারী পলিউশন কন্ট্রোল প্ল্যানিং অফিসার জানান যে, ডিটিসিএ'র বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ), ২০২১-২০২২ এর আওতায় সিটিজেন চার্টার সংক্রান্ত কর্মপরিকল্পনায় প্রতিশ্রুত চারটি প্রশিক্ষণ এবং সেবা প্রদান সংক্রান্ত দুইটি অংশীজন সভা ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। সভাপতি, কমিটির সদস্য সচিব-কে উক্ত প্রশিক্ষণসমূহ ও অংশীজন সভার প্রমাণকসমূহ যথাসময়ে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ফোকাল পয়েন্ট-এর নিকট প্রদানের নির্দেশনা দেন।

৩.১ সিদ্ধান্তঃ সিটিজেন চার্টার সংক্রান্ত কর্মপরিকল্পনায় প্রতিশ্রুত চারটি প্রশিক্ষণ এবং সেবা প্রদান সংক্রান্ত দুইটি অংশীজন সভার প্রমাণকসমূহ ফোকাল পয়েন্ট (এপিএ), ডিটিসিএ-এর নিকট প্রদান করতে হবে।

বাস্তবায়নেঃ সহকারী পলিউশন কন্ট্রোল প্ল্যানিং অফিসার, ডিটিসিএ।

আলোচ্যসূচীতে আর কোনও বিষয় অন্তর্ভুক্ত না থাকায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথ বাস্তবায়নের অনুরোধ জানিয়ে সভাপতি কর্তৃক সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


(এস, এম, রেজাউল করিম)

পরিচালক (প্রশাসন)

ডিটিসিএ

ও

সভাপতি, সিটিজেন চার্টার কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত

পরিবীক্ষণ কমিটি

ফোনঃ ০২২২৩৩৮৮৬৪৩